পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলকাতা – ৭০০০০৭
ফোন নং: (০৩৩) ২২৪১-২০৬০

বার্তা সম্পাদক,
_____।

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

০৮-০৭-২০২৩

পলতা পি এন দাস কলেজের ইংরেজি ভাষা ও সাহিত্যের অধ্যাপক সুমনরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে শাসক দলের দুষ্কৃতীদের হামলার ঘটনা সম্পর্কে ইতিমধ্যেই রাজ্যবাসী অবহিত হয়েছেন। দুষ্কৃতীদের এই হামলায় সুমনের বৃদ্ধ মা- বাবা, স্ত্রী এবং সন্তান এখনও আতঙ্কে দিন কাটাচ্ছেন। এই ঘটনা গতকাল সংবাদ মাধ্যমে প্রকাশিত ও প্রচারিত হওয়ার পরেও রাজ্য প্রশাসন অধ্যাপকের ও তাঁর পরিবারের নিরাপত্তার কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। ইতিমধ্যে শাসকদল অধ্যাপক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে মিথ্যা অভিযোগের ভিত্তিতে থানায় এফ আই আর দায়ের করেছে। ফলত আজ অধ্যাপক বন্দ্যোপাধ্যায় তাঁর ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি সম্ভাব্য এবং পরিকল্পিত গ্রেফতারি এড়াতে। গণতান্ত্রিক অধিকার প্রয়োগ থেকে বঞ্চিত অধ্যাপক বন্দ্যোপাধ্যায়কে এই পরিস্থিতিতে আইনের দ্বারস্থ হতে হচ্ছে আগাম জামিন পাওয়ার জন্য। সমিতির উত্তর ২৪ পরগনা জেলা কমিটির দীর্ঘদিনের সক্রিয় সদস্য অধ্যাপক সুমনরঞ্জন বন্দ্যোপাধ্যায়ে উপর এই আক্রমণ ও সন্ত্রাসের তীব্র প্রতিবাদ জানাচ্ছে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। অবিলম্বে রাজ্য প্রশাসন দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি প্রদান এবং অধ্যাপক বন্দ্যোপাধ্যায় ও তাঁর পরিবারের নিরাপত্তার পূর্ণ দায়িত্ব না গ্রহণ করলে অধ্যাপক সমিতি বৃহত্তর আন্দোলনে যেতে বাধ্য হবে।

ধন্যবাদ সহ,

শুভোদয় দাশগুপ্ত

(শুভোদয় দাশগুপ্ত)
সভাপতি
মোবাইল নং ৯৮৩১২০১৮৫২

কেশব ভট্টাচার্য

(কেশব ভট্টাচার্য)
সাধারণ সম্পাদক
মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪